

আল-আদিয়াত | Al-Adiyat | الْعَادِيَّات

আয়াতঃ ১০০ : ৩

আরবি মূল আয়াতঃ

فَالْمُغِيرَاتِ صُبْحًا

অনুবাদসমূহঃ

অতঃপর যারা প্রত্যুষে হানা দেয়, — আল-বায়ান

অতঃপর সকালে হঠাৎ আক্রমণ চালায়, — তাইসিরুল

যারা অভিযান করে প্রভাতকালে, — মুজিবুর রহমান

And the chargers at dawn, — Sahih International

৩. অতঃপর যারা অভিযান করে প্রভাতকালে(১),

(১) শব্দটি أَغَارَ থেকে উদ্ভূত। অর্থ হামলা করা, হানা দেয়া। 'ভোর বেলায়' বলে আরবদের অভ্যাস হিসেবে প্রভাতকালের উল্লেখ করা হয়েছে। কোন কোন মুফাসসির বলেন, আরববাসীদের নিয়ম ছিল, কোন জনপদে অতর্কিত আক্রমণ করতে হলে তারা রাতের আঁধারে বের হয়ে পড়তো। এর ফলে শত্রুপক্ষ পূর্বাঙ্কে সতর্ক হতে পারতো না। এভাবে একেবারে খুব সকালে তাদের ওপর ঝাঁপিয়ে পড়তো। প্রভাতে আলো যেটুকু ছড়িয়ে পড়তো তাতে তারা সবকিছু দেখতে পেতো। আবার দিনের আলো খুব বেশী উজ্জ্বল না হবার কারণে প্রতিপক্ষ দূর থেকে তাদের আগমন দেখতে পেতো না। ফলে তারা মোকাবেলার জন্য প্রস্তুতিও গ্রহণ করতে পারতো না। [দেখুন: কুরতুবী] এখানে অবশ্য জিহাদে আল্লাহর পথে ব্যবহৃত ঘোড়সওয়ারদের বুঝানো হয়েছে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৩। অতঃপর প্রভাতকালে আক্রমণকারী (অশ্বরাজির শপথ)। [1]

[1] শব্দটি يُغِيرُ থেকে। আক্রমণকারী অশ্ব। صُبْحًا থেকে ভোরবেলার অর্থ বোঝানো হয়েছে। আরবে সাধারণতঃ ঐ সময় আক্রমণ করা হত। আসলে আক্রমণ সেই সৈন্যরা করে, যারা ঘোড়ার উপর সওয়ার থাকে। কিন্তু এ কর্মের সম্বন্ধ ঘোড়ার প্রতি এই জন্য করা হয়েছে যে, আক্রমণ কাজে ঘোড়ার ভূমিকাই বেশী।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন